

# জুলাই-আগস্টের সহিংসতা তদন্তে ঢাবিতে ‘তথ্যানুসন্ধান কমিটি’ গঠন

ঢাকা  
বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

১৫ অক্টোবর,  
২০২৪ ২০:৩৮

শেয়ার

অ +

অ -



প্রতীকী ছবি

কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) এলাকায় সংঘটিত বেআইনি ও সহিংস ঘটনা তদন্তে  
সাত সদস্য বিশিষ্ট ‘তথ্যানুসন্ধান কমিটি’ গঠন করেছে ঢাবি কর্তৃপক্ষ। কমিটিকে আগামী ৪৫ দিনের মধ্যে তদন্ত

প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

সোমবার (১৪ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহমদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্যানুসন্ধান কমিটি গঠনের বিষয়টি জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, '২০২৪ সালের ১৫ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত বেআইনি ও সহিংস ঘটনার সত্যানুসন্ধান করে জড়িতদের চিহ্নিত করে প্রশাসনিক ব্যবস্থার আওতায় নিয়ে আসার জন্য বাংলাদেশের প্রাথিত্যশা সাক্ষ্য আইন বিশেষজ্ঞ আইন বিভাগের সহযোগী অধ্যাপক ও স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট কাজী মাহফুলুল হক সুপণ-এর নেতৃত্বে উপাচার্য (০৮-১০-২০২৪) কর্তৃক নিম্নলিখিতদের সমন্বয়ে একটি তথ্যানুসন্ধান কমিটি গঠন করা হয়েছে।

,

কমিটির বাকি ছয়জন সদস্য হলেন আইন অনুষদের ডিন (ভারপ্রাণ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হক, ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক ড. নাদিয়া নেওয়াজ রিমি, উচ্চদিবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আলমোজাদেদী আলফেছানী, শামমসুন নাহার হলের প্রভাব অধ্যাপক ড. নাসরিন সুলতানা, সহকারী প্রক্ষেপণ মিসেস শেহরীন আমিন ভুঁইয়া ও বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার (তদন্ত)।

